



রাজনীতি এবং অর্থনীতি উভয়ক্ষেত্রে গণতন্ত্র প্রতিষ্ঠা করতে হবে: আমীর খসরু



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, শুধু রাজনীতিতে নয়, অর্থনীতিতেও গণতন্ত্র প্রতিষ্ঠা করতে হবে এবং এর মাধ্যমে প্রত্যেক নাগরিককে দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশীদার করতে হবে। কোনো নির্দিষ্ট গোষ্ঠীকে সুবিধা দিয়ে দেশের অর্থনীতি পরিচালনা করা যাবে না।

বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) জাতীয় প্রেসক্রাবে 'আমরা জনঅধিকার পার্টি' আয়োজিত 'জুলাই গণঅভ্যুত্থান ১ম বর্ষ যুগপৎ আন্দোলন শরিক দল' একটি আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

আমীর খসরু বলেন, যখন দেশের প্রতিটি নাগরিক অর্থনৈতিক কার্যক্রমে অংশ নেবে, তখন তাদের আয় ও জীবনযাত্রার মান বাড়বে। এর ফলে তারা সূনাগরিক হিসেবে ট্যাক্স দেবে এবং সরকারের কাছে তাদের ট্যাক্সের টাকার সঠিক ব্যবহারের দাবি জানাতে পারবে।

তিনি আরও বলেন, গত ২৪ মাসের আন্দোলন কোনো একক দলের অর্জন নয়, বরং এটি সমগ্র জনগণের সম্মিলিত প্রচেষ্টার ফল। তিনি রাজনৈতিক দলগুলোকে সহনশীল হওয়ার এবং অপরের মতামতের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার আহ্বান জানান।

একই সঙ্গে তিনি শেখ হাসিনাকে উদ্দেশ্য করে বলেন যে তিনি কিছু 'স্কুদে স্নৈরাচার' রেখে গেছেন। জনগণের সমর্থন নিয়ে সংসদে আইন পাশ করাকেই তিনি গণতন্ত্র বলে অভিহিত করেন। তিনি বলেন, কেউ যদি বলে তাদের দাবি না মানলে তারা নির্বাচনে অংশ নেবে না বা আন্দোলন করবে, তবে তা অগণতান্ত্রিক।

আমীর খসরু ঐতিহাসিক প্রেসক্রাপট টেনে বলেন, বিপ্লবের পর যেসব দেশ দ্রুত নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দিয়েছে, সেসব দেশ ভালো অবস্থানে আছে। অন্যদিকে, যেসব দেশ তা করতে ব্যর্থ হয়েছে, সেখানে গৃহযুদ্ধ, বিভাজন এবং অর্থনৈতিক সংকট দেখা দিয়েছে। তিনি বলেন, বাংলাদেশে এক বছর অতিরিক্ত সময় পার হয়ে গেছে এবং যত দ্রুত সম্ভব জনগণের ভোটে নির্বাচিত প্রতিনিধির মাধ্যমে গণতন্ত্র প্রতিষ্ঠা না হলে দেশের জনগণের অধিকার, স্বাধীনতা এবং মুক্তচিন্তা বলে কিছু থাকবে না। তিনি সতর্ক করে বলেন যে, এভাবে চলতে থাকলে জাতি হিসেবে আমরা একে অপরের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হবো।